

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩৭

আগরতলা, ০৭ ডিসেম্বর, ২০১৭।

১০,৩২৩ জন শিক্ষক-শিক্ষিকাদের চাকুরী বাঁচানোর বিকল্প পন্থা হিসাবে
Validation Act প্রণয়ন সম্পর্কে।

রাজ্যের অবসরপ্রাপ্ত একজন মাননীয় বিচারপতি সম্প্রতি স্থানীয় সংবাদপত্রে মাননীয় সুপ্রীম কোর্টের রায় অনুসারে ১লা জানুয়ারী ২০১৮ইং সাল থেকে চাকুরি থেকে বরখাস্তকৃত রাজ্যের ১০,৩২৩ জন শিক্ষক-শিক্ষিকাদের চাকুরী বাঁচানোর বিকল্প পন্থা হিসাবে Validation Act প্রণয়ন করার পক্ষে অভিমত প্রকাশ করেছেন।

২. এ বিষয়ে রাজ্যের মাননীয় এডভোকেট জেনারেল এবং আইন সচিবকে আইনী দিক পরীক্ষা নিরীক্ষা করে পরামর্শ দেওয়ার জন্য বলা হয়। এরা অভিমত দিয়েছেন যে, হাইকোর্ট এবং সুপ্রীম কোর্টের fact based finding কে নাকচ করার জন্য কোন Validation Act করার আইনগত পথ খোলা নেই। যদি Validation Act করা হয়, এটা আদালতে খারিজ যোগ্য হবে।

৩. এ পরিস্থিতিতে রাজ্য সরকার সুপ্রীম কোর্টে রাজ্য সরকারের পক্ষে যারা সংশ্লিষ্ট মামলা পরিচালনা করছেন, তাদের অভিমত নেওয়ার জন্য দিল্লীতে কাগজপত্র প্রেরণ করে।

৪. মাননীয় অবসরপ্রাপ্ত বিচারপতি মহোদয়ের এবং এডভোকেট জেনারেল এবং আইন সচিবের অভিমতটি সুপ্রীম কোর্টের একাধিক মাননীয় বরিষ্ঠ আইনজীবির সামনে উপস্থিত করে তাঁদের মতামত এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য অনুরোধ করা হয়।

৫. সুপ্রীম কোর্টের মাননীয় বরিষ্ঠ আইনজীবীগণ এ ব্যাপারে অভিমত প্রকাশ করেছেন যে, ১০,৩২৩ জন শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগ সম্পর্কে সুপ্রীম কোর্ট

*****২য় পাতায়